রসাঞ্জন

শ্রীরামলাল চট্টোপাধ্যায়

বিশ্ববিদ্যাসংগ্রহ

বিশ্ববিদ্যাসংগ্রহ

॥ ১৩৫৭ ॥

ডক্টর প্রবোধচন্দ্র বাগচী

৭৯. ভারত ও মধ্য এশিয়া

৮০. ভারত ও ইন্দোচীন

৮১ ভারত ও চীন

শ্রীবিষ্ণুপদ ভট্টাচার্য

৮২. বৈদিক দেবতা

শ্রীব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

৮৩. বঙ্গসাহিত্যে নারী

৮৪. সাময়িকপত্র-সম্পাদনে বঙ্গনারী

শ্রীযোগেশচন্দ্র বাগল

৮৫. বাংলার স্ত্রীশিক্ষা

ডক্টর গগনবিহারী বন্দ্যোপাধ্যায়

৮৬. গণিতের রাজ্য

শ্রীরামগোপাল চট্টোপাধ্যায়

৮৭. রসাঞ্জন

বিদ্যার বহুবিস্তীর্ণ ধারার সহিত শিক্ষিত-মনের যোগসাধন করিয়া দিবার জন্য ইংরেজিতে বহু গ্রন্থমালা রচিত হইয়াছে ও হইতেছে। কিন্তু বাংলা ভাষায় এরকম বই বেশি নাই।

বিশ্ববিদ্যাসংগ্রহ ও লোকশিক্ষাগ্রন্থমালা প্রকাশ করিয়া বিশ্বভারতী যুগশিক্ষার সহিত সাধারণ-মনের যোগসাধনের কর্তব্য পালনে ব্রতী হইয়াছেন।

১৩৫০-১৩৫৬ সালে বিশ্ববিদ্যাসংগ্রহের মোট ৭৮ খানি পুস্তক প্রকাশিত হইয়াছে। প্রতি গ্রন্থের মূল্য আট আনা। পত্র লিখিলে পূর্ণ তালিকা প্রেরিত হইবে।

বিশ্ববিদ্যাসংগ্রহের পরিপূরক লোকশিক্ষা গ্রন্থমালার পূর্ণ তালিকা মলাটের তৃতীয় পৃষ্ঠায় দ্রষ্টব্য।

রসাঞ্জন

শ্রীরায় গোপাল চট্টোপাধ্যায়

বিশ্বভারতী গ্রন্থালয়
২ বঙ্কিম চাটুজ্যে স্ট্রীট
কলিকাতা

প্রকাশ ১৩৫৭ চৈত্র



প্রকাশক শ্রীপুলিনবিহারী সেন

বিশ্বভারতী, ৬।৩ দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা

মুদ্রাকর শ্রীপ্রভাতচন্দ্র রায়

শ্রীগৌরাঙ্গ প্রেস, ৫ চিন্তামণি দাস লেন, কলিকাতা

সূচী

ভূমিকা	১
প্রারম্ভ	৯
দারুহরিদ্রার প্রয়োগ	১১
বার্বেরিসের জাতি	১৯
মাহোনিয়ার জাতি	২১
দারুহরিদ্রার রাসায়নিক পরীক্ষা	২৫
গাছপালা ও উপক্ষারের প্রকারভেদ	৩০
উপক্ষারের উৎপত্তি	৩১
পরিশিষ্ট	৩৫

ভূমিকা

গাছপালা থেকে তৈরি ওষুধের ব্যবহার স্মরণাতীত যুগ থেকে চলে আসছে। বেদে গাছপালাজাত অনেক ভেষজের উল্লেখ আছে। তার মধ্যে দৃষ্টান্তস্বরূপ কয়েকটি উপক্ষার প্রসবিনী গাছের কথা বলা যেতে পারে। উপক্ষার কথাটি আজকালকার বৈজ্ঞানিক পরিভাষা অনুসারে গঠিত। 'ক্ষার' শব্দটি পুরানো, আমাদের প্রাচীন সাহিত্যেও ব্যবহার আছে। ক্ষার শব্দটির ইংরেজি হল অ্যালকালি (Alkali)। গাছ থেকে কতকগুলি পদার্থ পাওয়া যায় যার রাসায়নিক গুণ অনেক অংশে ক্ষারের রাসায়নিক গুণের মত। এগুলি সবই কারবন, হাইড্রোজেন ও নাইট্রোজেন ঘটিত। বেশির ভাগ ক্ষেত্রেই এদের অণুতে অক্সিজেনও বর্তমান আছে। ইংরেজিতে এদের বলে অ্যালকালয়েড (Alkaloid), আমরা বলি উপক্ষার। বেদোক্ত[১] গাছের মধ্যে যেমন ভাঙ্গ বা আধুনিক উদ্ভিদবিজ্ঞান মতে ক্যানাবিস ইণ্ডিকা ভার স্যাটাইভাতে *(Cannabis indica* var. *sativa)* ট্রিগোনেলিন নামক উপক্ষার আছে। বিল্বতে *(Aegle marmelos)* আছে স্কিমিয়ানিন নামক উপক্ষাব। তিল্বকে *(Symplocos racemosa)* আছে হার্মান, আর এরণ্ডতে *(Ricinus communis)* রিসিনিন।[২]

চরক ও সুশ্রুত সংহিতায় বহু গাছপালাজাত ওষুধের গুণাগুণ বর্ণিত আছে। এ দুটিতেই রসাঞ্জনেব বা দারুহরিদ্রাগাছের বল্কলের সত্ত্বের ভেষজ গুণাগুণ সবিস্তারিত বর্ণনা করা হয়েছে। পরবর্তীকালের বৈদ্যেরা, যেমন বাগভট, চক্রপাণি, শার্ঙ্গধর, ভাবমিশ্র প্রভৃতি, আরও অনেক নূতন নূতন গাছপালার ব্যবহারের কথা উল্লেখ করে গেছেন।

আমাদের দেশ থেকে যেসব পণ্য ও ভেষজ অন্য দেশে রপ্তানি হত বা অন্য দেশ থেকে আমদানি হত তার উপর শুল্ক নির্ধারণের ব্যবস্থা কৌটিল্যের অর্থশাস্ত্রে দেওয়া আছে। এটিতে উপক্ষাব প্রসবিনী অনেক গাছের উপরে শুল্ক নির্ধারণের কথাও আছে। যেমন, দারুহরিদ্রা বা কালেয়ক (বর্তমানে *Berberis asiatica* বা অন্যান্য প্রকারের *Berberis* বা *Mahonia* বলে পবিচিত), এতে বার্বেবিন নামক উপক্ষার আছে। এই উপক্ষারের ভেষজগুণের জন্য দারুহবিদ্রা সত্ত্ব বা রসাঞ্জন এত ফলপ্রদ বলে প্রাচীনকালে প্রসিদ্ধি লাভ কবেছিল। আরও আছে কাকমেচক *(Solanum indicum)*, এব উপক্ষারেব নাম সোলানিন, দাড়িম্ব, এব উপক্ষার হল পেলেটিয়াবিন, লোধ্র বা বেদোক্ত তিল্বক *(Symplocos racemosa)* ও বিষ বা বর্তমান যুগের অ্যাকোনাইট।[৩]

খৃস্টপূর্ব বৈদিক বা আয়ুর্বৈদিক যুগের সঠিক কাল অনুমান করতে না পারলেও খৃস্টোত্তর যুগে ভারতবর্ষের সঙ্গে অন্য দেশের বাণিজ্যিক ও সাংস্কৃতিক সংযোগের সময় সঠিক নির্দেশ করা যায়। খৃস্টীয় প্রথম শতাব্দীতে গ্রীক বণিকেরা এদেশে বাণিজ্য করতে আসতেন।[৪] বিবিধ ভেষজ, বীজ তৈল, নানাবিধ রঞ্জনদ্রব্য ভারতবর্ষেব বন্দর থেকে রপ্তানি হত। গ্রীক ঐতিহাসিক প্লিনি ভারতবর্ষ থেকে রপ্তানি হওয়া অনেক ভেষজের নাম করেছেন, তার মধ্যে রসাঞ্জন অন্যতম। বলা বাহুল্য বৌদ্ধযুগে ভারতীয় ভেষজের গুণাগুণ যথেষ্ট পরিমাণে আলোচিত হয়েছিল এবং মুসলমান আমলেও হয়েছিল। ষোড়শ শতাব্দীতে (১৫৬৩) পর্তুগীজ অধিকৃত গোয়া থেকে পর্তুগীজ চিকিৎসক গার্সিয়া দা অর্টা (Garcia da Orta) ভারতীয় ভেষজের গুণাগুণ বর্ণনা করে এক গ্রন্থ রচনা করেন। পরে সিম্পলস্ অ্যাণ্ড ড্রাগস্ অব্ ইণ্ডিয়া

(*Simples and Drugs of India*) নাম দিয়ে এর ইংরাজি অনুবাদ হয়।[৫]

উনবিংশ শতাব্দীর মধ্যভাগে কলিকাতার মেডিকেল কলেজে আয়ুর্বেদোক্ত গাছপালার রাসায়নিক ও আধুনিক মতে ভেষজগুণ পরীক্ষার প্রথম সূচনা হয়, রসায়নশাস্ত্রের অধ্যাপক ওসাগ্নেসির তত্ত্বাবধানে। এইসকল গবেষণার ফলাফল ১৮৪০ সালে প্রকাশিত বেঙ্গল ফার্মাকোপিয়ায় লিপিবদ্ধ হয়। এদেশে গাছপালার রাসায়নিক পরীক্ষার প্রথম যুগে কানাইলাল দের নাম করা যেতে পারে। ইনি ভারতীয় আফিমে পরফাইরক্সিন (Porphyroxin) নামক উপক্ষার আছে কি না, তা পরীক্ষা করবার প্রণালী আবিষ্কার করেছিলেন।[৬] আফিমের উপক্ষার রাসায়নিক প্রণালীতে নিষ্কাশন করেছিলেন ডেরোস্নে (Derosne) ১৮০৩ সালে।[২] এর দু বছর পরে ডেরোস্নের গবেষণার কথা অবগত না হয়েও সারটুর্নের (Serturner) আফিমজাত উপক্ষার আবিষ্কার করেন ও নাম দেন মর্ফিয়ম।[২] ১৮১৮ সালে পেলেটিএ (Pelletier) আর কাভেন্টু (Caventou) নক্স্‌ভোমিকা বা কুচিলার বীজ থেকে স্ট্রিকনিন ও আর এক বছর পরে ঐ বীজ থেকেই ব্রুসিন উপক্ষার আবিষ্কার করেন।[২] ১৮২০ সালে এঁরা সিনকোনার ছাল থেকে কুইনিন আবিষ্কার করে যশস্বী হন।[২] গাছপালায় থাকা রাসায়নিক পদার্থগুলির জন্য গাছপালার ভেষজগুণ প্রকাশ পায় বলে এ দেশীয় গাছপালা থেকে বিভিন্ন ভেষজগুণ সম্পন্ন রাসায়নিক পদার্থ আবিষ্কার করবার প্রচেষ্টা চলতে থাকে। অনেক গাছ ইংলণ্ডে নিয়ে গিয়েও পরীক্ষা করা হয়। এসকল গবেষণার ফলাফল ডাইমকের (Dymock) সম্পাদনায় ফার্মাকোগ্রাফিকা ইণ্ডিকা নামক গ্রন্থে প্রকাশিত হয়।[৭] ১৮৩৭ সালে রয়েল (Royle) লণ্ডনে হিন্দু

চিকিৎসাশাস্ত্রের প্রাচীনতা সম্বন্ধে বক্তৃতা করেন, পবে বক্তৃতাগুলি গ্রন্থাকারে দি অ্যান্টিকুইটি অব্ হিন্দু মেডিসিন (*The Antiquity of Hindu Medicine*) নামে প্রকাশিত হয়। রয়েল হিন্দু ভেষজ-বিজ্ঞানের প্রাচীনতা দেখিয়েছিলেন আব তাব উপর অনেক ভেষজ নিজে প্রয়োগ ও পরীক্ষা করে তাদেব যাথার্থ্য প্রমাণ কবেছিলেন।[৮] তিনি এ দেশীয় রসাঞ্জন ও গ্রীক চিকিৎসাশাস্ত্রেব লাইসিয়ম (Lycium) একই বস্তু বলে প্রতিপন্ন করেন।[৯] বলা বাহুল্য এর অনেককাল পবেও ইউরোপবাসী ভাবতীয় সংস্কৃতিকে ততটা আমল দেন নি। ১৮৬২ সালে বার্বেরিস-জাত উপক্ষার বার্বেরিনের ব্যবহাব সম্বন্ধে উল্লেখ করে পেরিন্‌স বললেন[১০] সুসভ্য গ্রীক, অর্ধ অসভ্য চীন ও হিন্দু জাতি, উত্তর আমেরিকার ও আফ্রিকাব অধিবাসীবা সকলেই বার্বেরিন ভেষজ হিসাবে ব্যবহার কবে। রয়েলের দারুহবিদ্রাব প্রাচীন ব্যবহাব ও গ্রীক চিকিৎসাশাস্ত্রে ভারতীয় আয়ুর্বেদেব প্রভাব সম্বন্ধে রচনা বোধ কবি পেবিন্‌স গ্রাহ্য করেন নি।

উপক্ষার সম্বন্ধে রাসায়নিক গবেষণাব গোডার দিকে কেবলমাত্র মানুষের কাজে লাগাবার জন্যে গাছপালা থেকে উপক্ষার আহবণের চেষ্টা চলে। এই দিকে লক্ষ্য রেখে আজও গাছপালার রাসায়নিক বিশ্লেষণ করা হয়। ১৯৩৪ সালে ওবেকফ (Orekhov) বাশিয়া-জাত অনেক গাছপালার রাসায়নিক বিশ্লেষণ করে সাতষট্টিটি উপক্ষার প্রসবিনী গাছ আবিষ্কার করেন; তাব মধ্যে বারোটি গাছ থেকে চব্বিশটি নূতন উপক্ষার নিষ্কাশন করেন, এবং ঐ চব্বিশটির মধ্যে দুটি মানুষের উপকারে আসে। একটির নাম এনাবেসিন, এটি গাছপালার পোকা উচ্ছেদ করতে পারে, অপবটির নাম কনভলভিন, এটি চক্ষুরোগের বিশেষ ফলপ্রদ।[১১]

উপক্ষারের উপর গবেষণার বিভিন্ন দিক আছে। উপক্ষারের জন্য গাছের চাষ করার প্রয়োজন হয়। উপরন্তু যাতে ঐ গাছে বেশি পরিমাণে উপক্ষার জন্মাতে পারে তার জন্য সেই মত সার দিতে হয়। কুইনিন উপক্ষার ম্যালেরিয়ার অব্যর্থ ওষুধ। কুইনিন প্রসবিনী সিনকোনা গাছের আদি বাসস্থান হল দক্ষিণ আমেরিকায়। চেষ্টা করে সিনকোনার চাষ করা হয়েছে যবদ্বীপে, বাংলাদেশে ও মাদ্রাজে। বৈজ্ঞানিক মতে চাষ করে সিনকোনাব কুইনিনেব পবিমাণ বাডানো গেছে।[১২] হায়োসিয়ামাস্ (*Hyoscyamus*), অ্যাট্রোপা (*Atropa*) ও আমাদের দেশের ধুতুরায় (*Datura stramonium*) হায়োসিয়ামিন উপক্ষার আছে। এর থেকে চক্ষুচিকিৎসায় ব্যবহৃত অ্যাট্রোপিন উপক্ষার তৈবি হয়। অ্যাট্রোপা বেলেডোনা গাছ (*Atropa belladonna*) ও ধুতুরার চাষ কবে উপক্ষারের পরিমাণ দ্বিগুণ বাডানো গেছে।[২]

এক দল বিজ্ঞানী প্রয়োজনীয়তার দিকে তত জোর না দিয়ে আবিষ্কাবের কৌতূহলের দিকটা বাডিয়ে তুললেন। তাঁরা গাছপালাজাত উপক্ষাবগুলির অণুব গঠন নিয়ে গবেষণা কবতে গেলেন। এ ধরনের গবেষণা ইউবোপে আবম্ভ হয় উনবিংশ শতাব্দীর শেষ ভাগ থেকে।[২] এখন আমরা উপক্ষাবের বিভিন্ন কাঠামো অনুসারে তাদের বিভিন্ন শ্রেণীভুক্ত কবতে পাবি। যেমন বসাঞ্জন বা দারুহরিদ্রাস্থিত উপক্ষার বার্বেরিনকে বলি আইসোকুইনোলিন উপক্ষাব। কুইনিনকে বলি কুইনোলিন উপক্ষার। উপক্ষারগুলিকে রাসায়নিক প্রণালীতে বিশ্লেষণ করে যেমন তাদের অণুর গঠন সম্বন্ধে অনুমান করা গেল, অমনি চেষ্টা চলতে লাগল কি করে পরীক্ষাগারে সেগুলিকে সংশ্লেষিত করা যায়। বিজ্ঞানীদের কৌতূহল আরও বেড়ে যেতে লাগল। তাঁরা উপক্ষারের গঠন অনুসরণ কবে ঐ রকম বা ঐ জাতীয় রাসায়নিক পদার্থ পরীক্ষাগারে

তৈরি করবার চেষ্টা করতে লাগলেন। যাঁবা ঐসব রাসায়নিক পদার্থ মানুষের কাজে লাগাবার কথা বড করে ভাবেন, তাঁরা এই গবেষণাগুলির মোড ফিরিয়ে নিলেন। তাঁরা চেষ্টা কবতে লাগলেন, উপক্ষারের মত রাসায়নিক পদার্থ সংশ্লেষণ কবতে, যা মানুষের উপকারে লাগবে। ফলে কুইনিনের অনুকরণে প্রস্তুত হল ম্যালেবিয়ানাশক অ্যাটাব্রিন ও প্লাসমোচিন। বেদনানাশক হিসাবে কোকেন উপক্ষার বেশ নাম-করা। তার অনুসরণে তৈবি হল নোভোকেন, পিপারিডিন উপক্ষারের অনুকরণে তৈবি হয়েছে ডেমারল, যাব বেদনানাশক গুণ মরফিয়াব সঙ্গে তুল্য।

শুধু প্রয়োজনীয়তার মুখ চেয়ে বিজ্ঞানীদেব কৌতূহল নিবৃত্ত হল না। প্রশ্ন উঠল, গাছে উপক্ষার জন্মায় কেন। ১৯০৫ সালে এব সদুত্তর প্রথম দিলেন ফরাসী বিজ্ঞানী পিকৃটে। তিনি বললেন, জীবজন্তু যেমন মলমূত্রাকাবে আহার্যেব বর্জনীয় অংশ ত্যাগ কবে, তেমনই কোনো কোনো গাছ উপক্ষার আকারে আহার্যেব বর্জনীয় অংশ পবিত্যাগ করে। তাঁর মতে গাছপালা প্রোটিন আত্তীকবণ করতে গিয়ে বৃহত্তর প্রোটিনের অণুকে নাইট্রোজেন-ঘটিত অ্যামিনোঅ্যাসিড কিম্বা কোনো কোনো সময় অ্যামিনের ক্ষুদ্রতর অণুতে পরিণত করে। অমিনোঅ্যাসিডগুলি পরে বাসায়নিক রূপায়নে উপক্ষার রূপে গাছপালার কোষে সঞ্চিত হয়।[১৩] পরে সেখান থেকে পরিত্যক্ত হয়। যেমন, যদি ত্বক বা পত্রেব কোষে সঞ্চিত হয় তো কালে ত্বক বা পত্র ঝরার সঙ্গে উপক্ষারগুলিও বর্জিত হয়। পরবর্তীকালেব বিজ্ঞানীরা এ বিষয়ে বহু দৃষ্টান্ত দিতে পেরেছেন। দারুহবিদ্রার ক্ষেত্রেও দেখা গেছে যে, উপক্ষাবগুলি সত্যই দারুহরিদ্রার বর্জনীয় পদার্থ।[১৪]

এই পুস্তিকা রচনায় উৎসাহ দিয়েছেন শ্রদ্ধেয় শিক্ষাব্রতী শ্রীচারুচন্দ্র

ভট্টাচার্য। আয়ুর্বেদ থেকে দারুহরিদ্রা ও রসাঞ্জন সংক্রান্ত উপাদান সংগ্রহে সাহায্য করেছেন পণ্ডিত বনমালী দত্তশর্মা। উদ্ভিদতত্ত্বগত উপকরণ সংকলনের নির্দেশ দিয়েছেন শিবপুর বাগানের হার্বেরিয়ম অধ্যক্ষ ডক্টর সুশীলকুমার মুখোপাধ্যায়। ছবি এঁকে দিয়েছেন শ্রীবীরেশ্বর বন্দ্যোপাধ্যায়। এই সুযোগে এঁদের অপরিশোধ্য ঋণ স্বীকার করছি।

প্রারম্ভ

রসাঞ্জন একটি প্রাচীন ওষুধ। আয়ুর্বেদে এর বহুল ব্যবহারের উল্লেখ আছে। দারুহরিদ্রা নামে এক জাতের কাঁটা গাছ থেকে রসাঞ্জন তৈবি কবা হয়। হিমালয়ের বিভিন্ন অঞ্চলে দুই হাজার ফুট উঁচু জায়গা থেকে ষোলো হাজাব ফুট উঁচু পাহাড়ে দারুহরিদ্রার বিভিন্ন প্রকারের গাছ জন্মাতে দেখা যায়। এর মধ্যে কোন্ বিশেষ জাতির গাছ আয়ুর্বেদের দারুহরিদ্রা, তা নিঃসংশয়ে বলা শক্ত। পরবর্তী অধ্যায়ে দেখাতে চেষ্টা করা হল যে, দারুহরিদ্রা সম্ভবত উদ্ভিদতত্ত্বের বার্বেরিস এশিয়াটিকা (*Berberis asiatica*)। উদ্ভিদতত্ত্ববিদ ওয়ালিশ (Wallich) ১৮১৮ সালে এই জাতের একটি গাছের পল্লব নেপাল থেকে সংগ্রহ কবেন ও ১৮২১ সালে রক্সবরা (Roxburgh) এটিব উক্ত নাম দেন।

১৮৩৭ সালে বর্তমান শিবপুব বটানিক্যাল গার্ডেন ও তখনকার ইস্ট ইণ্ডিয়া কোম্পানিব বাগানেব অধ্যক্ষ বয়েল পঞ্জাব অঞ্চলে ভ্রমণকালে অনেক জাতির বার্বেবিস জন্মেছে দেখেন ও জানতে পারেন ঐসব গাছেরই ত্বক থেকে রসাঞ্জন নামক চক্ষুবোগেব বিখ্যাত দেশজ ওষুধ তৈরি হয়।[৮] ইউরোপে বার্বেরিস ভুলগাবিস (*Berberis vulgaris*) বলে এক জাতের বার্বেরিস খুব বেশি জন্মায়। ১৮৩৭ সালে বুকনার তার থেকে বার্বেরিন নামে এক হলুদ রংয়ের উপক্ষাব আবিষ্কার করেন।[৯] রয়েল অবশ্য রাসায়নিক প্রণালীতে ভারতীয় বাবেরিস থেকে উপক্ষার আবিষ্কাব বা নিষ্কাশনের দিকে যান নি। তিনি আয়ুর্বেদ উল্লিখিত মতে রসাঞ্জন প্রস্তুত কবে আধুনিক মতে তার ভেষজ গুণ পরীক্ষা করেন, এবং এটি চক্ষুর ফুলা রোগের জন্য সত্যই অব্যর্থ বলে মনে করেন। ওয়াট

ইকনমিক প্রডাক্টস্ অব্ ইণ্ডিয়া নামক সুবৃহৎ অভিধান সম্পাদনার সময় ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের চিকিৎসালয়ে আয়ুর্বেদ-উক্ত ভেষজ-গুলির আধুনিক মতে পবীক্ষা করান। তখনকার সরকাবী চিকিৎসকেরা রসাঞ্জনের আয়ুর্বেদ-বর্ণিত গুণ সত্য বলে প্রমাণিত কবেন।[১৬]

পববর্তী অধ্যায়গুলিতে বসাঞ্জন সম্বন্ধে বর্তমান লেখকের বেশির ভাগ নিজস্ব গবেষণার কথা উল্লিখিত হয়েছে। রসাঞ্জন প্রয়োগের প্রাচীনতা, ও আবব গ্রীস রোম প্রভৃতি দেশে তাব প্রচলনের তথ্য সম্বন্ধে আলোচনা আছে। ভারতবর্ষে কত প্রকারেব বার্বেরিস আছে তাব বিস্তারিত তালিকা আছে। বার্বেবিন উপক্ষার অন্য কি কি গাছ থেকে পাওয়া যায় তারও উল্লেখ আছে। কোন্ গাছ থেকে কত পরিমাণ বার্বেবিন পাওয়া যায় তাও রাসায়নিক পবীক্ষা করে স্থির করা হয়েছে। বিভিন্ন উদ্ভিদসংগ্রহকারকদের গাছেব নমুনাসহ সংগ্রহেব স্থান কাল ইত্যাদির তালিকা থেকে বার্বেরিন বিদ্যমান-থাকা দেশজ গাছগুলি কোন্ কোন্ প্রদেশে, বিশেষ করে কোন্ স্থানে লভ্য তা নির্ধারিত হয়েছে। উপরন্তু ভারতবর্ষজাত বিভিন্ন জাতের বার্বেরিসের ও বার্বেরিন প্রসবিনী বিভিন্ন গাছের বাসায়নিক পরীক্ষার ইতিবৃত্ত এই পুস্তিকাটিতে সন্নিবিষ্ট আছে। কেবল বার্বেরিন নয়, অন্যান্য পাঁচ-ছয় রকমের উপক্ষাবও এইসকল গাছের শিকড় থেকে নিষ্কাশন করা হয়েছে। তার মধ্যে দুইটি নূতন উপক্ষার বর্তমান লেখক আবিষ্কার করেছেন, এই দুটির নাম আম্বেলাটিন ও নেপরোটিন। আম্বেলাটিন সবপ্রথম পাওয়া যায় বার্বেরিস আম্বেলাটা[১৭] থেকে; নেপরোটিন মাহোনিয়া নেপালেনসিস[১৮] থেকে। এই দুইটি উপক্ষারের অণুর গঠনেরও সিদ্ধান্ত করা গেছে। আম্বেলাটিনেব ভেষজগুণ পরীক্ষা করেছেন ডাক্তার কহালি, স্কুল অব্ ট্রপিকেল মেডিসিনে। তাঁর মতে

আম্বেলাটিন বার্বেরিনের মতই বিভিন্ন রোগে ফলপ্রদ, বিশেষ করে ওরিয়েণ্টেল সোর্ নামক ক্ষতে,[১৩] যার, বলতে গেলে, আজ পর্যন্ত জানা ছিল কেবল বার্বেরিনই একমাত্র অমোঘ ওষুধ।

উপক্ষার একটা গাছের বিভিন্ন অংশে, যেমন মূলত্বক কাণ্ড পুষ্প বা ফলে জন্মায় কেন, এ নিয়ে অনেক গবেষণা বিভিন্ন দেশে হয়েছে। আমাদেব দেশেও বিভিন্ন জাতের বার্বেরিস, বিশেষ করে মাহোনিয়া নেপালেনসিস নামক গাছটি নিয়ে বিস্তারিত গবেষণা হয়েছে।[১৪] দেখা গেছে, দারুহরিদ্রার গোষ্ঠিতে বার্বেরিন বা অন্যান্য উপক্ষার গাছের বর্জনীয় অংশ, সঞ্চিত খাদ্য নয়। দারুহরিদ্রার ঐতিহাসিক ইতিবৃত্ত, উদ্ভিদতাত্ত্বিক জ্ঞান, রসায়নবিজ্ঞান-সম্মত আবিষ্কারের কাজ আজও শেষ হয় নি। গাছপালাব বসায়ন বিজ্ঞানের বহু বিস্ময়কর রহস্য আজও উদ্ঘাটিত হচ্ছে, যা উত্তরকালের রসায়নবিদের, হয়তো বা জনসাধারণেরও, কাজে লাগবে।

দারুহরিদ্রার প্রয়োগ

রসাঞ্জনের ভেষজগুণ ও ব্যবহাবের কথা সুশ্রুত ও চরকসংহিতায় আছে। এমনকি পববর্তীকালেব আয়ুর্বেদ বিশারদরা রসাঞ্জনের বহু গুণ বর্ণনা কবেছেন। সংগ্রহকারক হিসাবে বাগভট বিশেষ নামকরা। ইনি অষ্টাঙ্গ হৃদয় রচনা কবেছিলেন। খুব সম্ভব ষষ্ঠ বা সপ্তম শতাব্দীতে ইনি আবির্ভূত হয়েছিলেন। এঁর রচনায় রসাঞ্জনেব উল্লেখ আছে। একাদশ শতাব্দীতে চক্রপাণি সংগ্রহকারক হিসাবে বিখ্যাত হন। চক্রপাণি চক্রদত্ত নামে প্রসিদ্ধ চিকিৎসা-সংগ্রহ বচনা করেছিলেন। ইনিও রসাঞ্জনের ব্যবহার উল্লেখ করেছেন। দ্বাদশ শতাব্দীর শার্ঙ্গধর

সংহিতায় দারুহরিদ্রা ঘটিত তৈলের বিশেষ ব্যবহারের কথা আছে। সবশেষে ষোড়শ শতাব্দীকালে ভাবমিশ্রের কথা বলতে হয়। ইনিও একজন বিখ্যাত সংগ্রহকাবক। ইনিও চরক, সুশ্রুত ও অন্যান্য চিকিৎসকের পন্থা অনুসরণ করে রসাঞ্জনকে ভালো ওষুধ বলে প্রতিপন্ন করেছেন।[২০]

সুশ্রুত রসাঞ্জন ও দারুহবিদ্রাব বিবিধ মুখ্য ও গৌণ ব্যবহারের কথা উল্লেখ করেছেন। গত উনবিংশ শতাব্দীব চিকিৎসকেবাও আধুনিক ইউরোপীয় মতে পরীক্ষা কবে উক্ত বসাঞ্জনেব গুণাগুণের যাথার্থ্য সুপ্রমাণিত কবেন। সুশ্রুত দারুহবিদ্রাকে কফপিত্তার্তিনাশন, কুষ্ঠ-ক্রিমিহব ও দুষ্টব্রণ-বিশোধন বলেছেন, আবার স্তন্য-বিশোধনে, আমাতিসারে ও উদরের পীড়ায় ব্যবহার কবতে বলেছেন।[২১] উপরন্তু দারুহরিদ্রার সত্ত্ব ঘটিত তৈল গণ্ডমালা ও মেহরোগে ফলপ্রদ বলে উল্লেখ করেছেন, ভগন্দর-বিনাশক বলেছেন। চক্ষুরোগে অঞ্জন হিসাবে দার্বীর বা দারুহবিদ্রার ক্বাথ বিশেষ উপকারী, চর্মরোগেও ফলপ্রদ।[২২]

চরক দারুহরিদ্রাকে এর উপব অর্শোঘ্ন বলেছেন, মুখশোধক বলেছেন।[২৩] পূর্বতুর্কীস্থানে কাছারে 'বাওয়ার পাণ্ডুলিপি' আবিষ্কৃত হয়। এই পাণ্ডুলিপিতে পূর্ব পূর্ব মহর্ষিদেব বিশিষ্ট ওষুধগুলি ও তাদের ব্যবহারের সংকলন বর্ণিত আছে। এই সংকলনেব নাম 'নবনীতক'। হ্বার্ণালি বাওয়ার পাণ্ডুলিপিব কাল আনুমানিক দ্বিতীয় শতাব্দী বলে নির্দেশ করেছেন। নবনীতকে দারুহরিদ্রা চক্ষু, পিত্ত, চর্ম ও ক্ষত-রোগে, মুখব্রণতে বিশেষ উপকারী ও কণ্ঠরোগ প্রশমণ বলা হয়েছে।[২৪] বাগভট দারুহরিদ্রাকে এর উপরে বাত, পিত্ত ও কফ নাশক বলেছেন। চক্ষুরোগে উপকারী, মেদ ও শিররোগে ফলপ্রদ বলেছেন।[২৫] চক্রপাণি রসাঞ্জনের একটি বিশেষ প্রয়োগেব কথা উল্লেখ করেছেন, প্রদর

রোগে।[২৬] শার্ঙ্গধর বলেছেন, দারুহরিদ্রাঘটিত তৈল সর্বজ্বর বিমোক্ষণ এবং উপদংশরোগে উপকারী।[২৭] যতদূর মনে হয়, এই দুই রোগে এঁর পূর্বে বৈদ্যেরা কখনও দারুহরিদ্রা ব্যবহার করেন নি। তিক্ত আস্বাদের জন্য ইউরোপে বার্বেরিসের ছাল আজও বলবর্ধক ও ক্ষুধা-উত্তেজক টনিকে ব্যবহৃত হয়ে থাকে।[২]

এঁদের অবশ্য অনেককাল পরে উনবিংশ শতাব্দীতে চক্ষুরোগে রসাঞ্জন অদ্বিতীয় ওষুধ বলে রয়েল উল্লেখ করে গেছেন![৮] পণ্ডিত বনমালী দত্তশর্মা মাস ছয় আগে তিব্বত ভ্রমণকালে লেখকের কাছ থেকে দেড় ছটাক আন্দাজ দারুহরিদ্রাজাত বার্বেরিন ক্লোরাইড চূর্ণ সঙ্গে নিয়ে যান, এবং সেখানে চক্ষুরোগে যদৃচ্ছা প্রয়োগে রোগ সারিয়েছেন বলেন। একে ওদেশে জলাভাব, বিশেষ করে শীতকালে, উপরন্তু শুদ্ধজল পাওয়া যায় না বললেই হয়। তাই তিনি বার্বেরিন ক্লোরাইড চূর্ণ চক্ষুতে সাবধানে স্বল্পপরিমাণে প্রয়োগ করতেন। এভাবে দুই-তিন বার প্রয়োগ করলেই চক্ষুর ফুলা বা চক্ষুর পাতার ক্ষত যত পুরাতনই হোক না কেন সম্পূর্ণ সেরে যেত। রয়েলের কয়েক বছর পরে ওসাগ্নেসি আধুনিক প্রণালীতে পরীক্ষা করে রসাঞ্জনকে জ্বরঘ্ন বলে প্রতিপন্ন করেন।[১৬] বার্বেরিন সলফেট প্রয়োগে ম্যালেরিয়ার পরজীবী রক্তকণিকার গভীরতর অংশ থেকে উপরিভাগে এসে পড়ে। বার্বেরিন সলফেট প্রয়োগের আগে রোগীর রক্ত পরীক্ষা করে দেখা গেল যে, ম্যালেরিয়ার পরজীবী অণুবীক্ষণে ধরা পড়ে না, অথচ বার্বেরিন সলফেট প্রয়োগের পর রক্তপরীক্ষা করাতে ম্যালেরিয়ার পরজীবী সহজেই ধরা পড়ে যায়। তাই ইটালিয়ান ডাক্তার সেরাটিনি সুপ্ত ম্যালেরিয়া নির্ণয়ের জন্য অনেক ক্ষেত্রে বার্বেরিন সলফেট ব্যবহার করতেন।[৮২] যখন গত যুদ্ধের সময় আমাদের দেশে কুইনিনের আমদানি বন্ধ হয়ে গিয়েছিল তখন ম্যালেরিয়ার চিকিৎসায় পূর্বে

বার্বেরিন প্রয়োগে ম্যালেরিয়ার পরজীবীকে রক্তকণিকার উপরিভাগে এনে তার পর কুইনিন প্রয়োগ করলে রোগী প্রতি কুইনিনের পরিমাণ কম ব্যবহার করলেও চলতে পারে বলে ডাক্তার ব্রহ্মচারী বার্বেরিন ব্যবহার করেছিলেন।[৮৩] বার্বেরিন উপক্ষারকে ট্রিপানোসোম জাতীয় পরজীবীনাশক বলা হয়।[৮৪] এমনকি বার্বেরিনকে ব্যাকটেরিয়া-নাশকও বলা হয়েছে।[৮৫]

ব্রণ ও ক্ষতে দারুহরিদ্রা বিশেষ উপকারী বলে পার্কার পরীক্ষা করে দেখান।[১৬] জুলি ১৯১১ সালে, 'ওরিয়েন্টেল সোর্' নামক ক্ষত-বিশেষে বার্বেরিন উপক্ষার প্রয়োগ করেন।[২৮] পরবর্তী কালে বার্বেরিন উক্ত ক্ষতের অমোঘ ওষুধ বলে প্রমাণিত হয়। বিলাতের মে ও বেকার কোম্পানি 'ওরিয়েন্টেল সোর্'এর জন্য বার্বেরিনঘটিত ওষুধ 'ওরিসল' প্রস্তুত করেন। ১৯৪০ সালে বার্বেরিস আম্বেলাটা নামে হিমালয়জাত এক দারুহরিদ্রা থেকে বর্তমান লেখক আম্বেলাটিন নামক এক উপক্ষার আবিষ্কার করেন।[১৭] এটিও 'ওরিয়েন্টেল সোর্' ক্ষতে আশু ফলপ্রদ, বোধ হয় বার্বেরিনের চাইতে অধিক ফলপ্রদ বলে পরিচিত হয়েছে।[১৯] গত যুদ্ধের সময় যখন 'ওরিসল' বাজারে পাওয়া যাচ্ছিল না, তখন আম্বেলাটিন উপক্ষার থেকে তৈরি ওষুধ উক্ত ক্ষতাক্রান্ত অনেকগুলি রোগীকে নিরাময় করেছিল এবং সুখের বিষয় যে 'ওরিসলে'র সমান ফলপ্রদ হয়েছিল। ১৯১২ সালে ফ্রয়েণ্ড বার্বেরিন অণুকে খণ্ডিত করে হাইড্রাস্টিনিন নামক বিশেষ উপকারী রাসায়নিক পদার্থ প্রস্তুত করেন[২৯]। এটি রক্তস্রাব বন্ধ করতে অদ্বিতীয়। ১৯৪৬ সালে ভারত সরকার কর্তৃক প্রকাশিত Indian Pharmacopoeial List বা ভারতীয় ভেষজ সংগ্রহ তালিকায় দারুহরিদ্রার ও দারুহরিদ্রাজাত উপক্ষার বার্বেরিনের স্থান হয়েছে এবং তাতে দারুহরিদ্রা থেকে বার্বেরিন

নিষ্কাশন ও ভেষজে বার্বেরিনের পরিমাণ নির্ধারণের প্রণালী সবিস্তারিত বর্ণিত আছে।

উত্তব-হিমালয় ভ্রমণকালে রয়েল রসাঞ্জন যে গাছ থেকে প্রস্তুত করা হয় তার সন্ধান পান। তিনিই প্রথম বলেন যে দারুহরিদ্রাব গাছ, যার থেকে এদেশে রসাঞ্জন তৈবি হয় তার লাতিন নাম হল বার্বেরিস। তাঁর মতে দেশজ দারুহরিদ্রা হল বার্বেরিস এশিয়াটিকা, বার্বেরিস এরিস্টাটা, বার্বেরিস লাইসিয়ম, কিম্বা বার্বেরিস পিনাটা। ঠিক কোন্ গাছটিকে দারুহরিদ্রা বলা উচিত রয়েল তা নির্দেশ করেন নি।[৯] বার্বেরিস পিনাটাব নামগোত্র পবে পবিবর্তন করা হয়। এটির নব নামকরণ করেন উদ্ভিদতত্ত্ববিদ দ্য কন্‌ডোল, মাহোনিয়া নেপালেনসিস বলে। দ্য কন্‌ডোলের মতে ঐ গাছটিকে বার্বেরিস বলা চলে না। কেননা, ঐ গাছটির আকৃতি কাণ্ড ত্বক পত্র পুষ্প সকলই বার্বেবিসের গাছের চেয়ে অনেক তফাত। গ্রীক চিকিৎসক ডায়স্কবিডিস্‌এব লাইসিয়ম আমাদেব দেশের বসাঞ্জন বলে রয়েল মনে করেন। প্রথম শতাব্দীতে ভাবত মহাসাগরে গ্রীক নাবিকেরা বাণিজ্য কবতে আসতেন। শফ্[৪] এইরূপ বাণিজ্যের ইতিবৃত্ত সংগ্রহকালে এদেশ থেকে রপ্তানি হওয়া বসাঞ্জনকে গ্রীক ভেষজ লাইসিয়ম বলে উল্লেখ করেছেন। ভারতবর্ষ থেকে আমদানি করা ভেষজের উপর রোমদেশে শুল্ক ধার্য করা হত। রসাঞ্জনেব উপরও শুল্ক ধরা ছিল। বসাঞ্জন রাখবার জন্য যেসব পাত্র ব্যবহার করা হত, তা নাকি হার্কুলেনেলিয়ম ও পম্পেআই সহরেব ধ্বংসাবশেষ থেকে উদ্ধার করা গেছে। ঐতিহাসিক প্লিনি রসাঞ্জন তৈরি করার যে প্রণালী বর্ণনা কবেছেন, তা আয়ুর্বেদ-বর্ণিত প্রণালীর অনুবাদ বললেও অত্যুক্তি হবে না।[৩০] প্লিনি লিখেছেন, 'অত্যন্ত তিক্ত শিকড় বা কাণ্ড প্রথমে চূর্ণ করে নিয়ে জল দিয়ে তামার পাত্রে তিন দিন



বার্বেরিস এশিয়াটিকা

রক্‌সবরা অঙ্কিত চিত্র থেকে

সিদ্ধ করে নেবার পর জলীয় অংশ শিকড় বা কাণ্ডের চূর্ণ অংশ থেকে ছেঁকে নেওয়া হয়। তার পর জলীয় অংশকে জ্বাল দিয়ে নেড়ে নেড়ে মধুর মত ঘন করলে রসাঞ্জন তৈরি হয়।' আয়ুর্বেদে উল্লিখিত আছে যে দারুহরিদ্রার শুষ্ক শিকড়ের ছাল (এক ভাগ) জল (আট ভাগ) দিয়ে সিদ্ধ করে জলীয় অংশেব ওজন চার ভাগের এক ভাগ করে নিয়ে ঘনীভূত জলীয় অংশ ছেঁকে নিতে হবে। পরে সমভাগ দুধ দিয়ে সিদ্ধ করে আফিমের মত ঘন করে নিলে রসাঞ্জন প্রস্তুত হবে—

"দার্বীকাথ সমংক্ষীবং পাদং পক্ত্বা যদাঘনম্। তদারসাঞ্জনাখ্যস্তং।"

—ভাবপ্রকাশ, পূর্বখণ্ড, প্রথম ভাগ

তখনকাব দিনে বসাঞ্জন বা অন্যান্য ভেষজেব ব্যবহার ভাবতবর্ষ থেকে অন্য দেশে প্রচলিত হয়েছিল বলে নির্ধারিত হয়েছে। গ্রীকদের চিকিৎসাশাস্ত্রের আরবি ভাষায় অনুবাদ কবা হয়েছিল বোগদাদে। পাবশ্যবাসীবা তাঁদের ভাষায় পরে তাব থেকে অনুবাদ কবে নিয়েছিলেন। এইভাবে আমাদেব দেশেব আয়ুর্বিজ্ঞান ইউরোপে প্রচলিত হয়ে যায়। ইউরোপীয় বার্বেবিস নামটির উৎপত্তি বোধ করি দারুহবিদ্রাব আববি নাম আম্‌বার্বেবি থেকে। আমবার্বেবির ব্যুৎপত্তিগত অর্থ হল হলুদ রঙের কাঠ। দারুহবিদ্রা বলতেও আমরা বুঝি হবিদ্রা বা হলুদ রঙের দারু বা কাষ্ঠ। পারশি ভাষায় দারুহরিদ্রাকে বিভিন্ন নামে অভিহিত কবে, যেমন জবিষ্ক জ়রুজ জুরঞ্জ ও জ়ুবক। এই কথাগুলি দারুহরিদ্রার সোনালি রংকে ইঙ্গিত কবে। এবং মনে হয় পারশ্যভাষায় জুর বা সোনার নাম থেকে ঐ শব্দগুলি গড়ে নেওয়া হয়েছে। সংস্কৃত ভাষাতে দারুহবিদ্রার আব-এক নাম সৌবর্ণি। এই কথাটিব উৎপত্তি অবশ্যই সুবর্ণ বা সোনা থেকে।[৩১]

ভরসা কবি, বার্বেরিস গাছের প্রথম নামকরণ যে ভারতবর্ষ থেকে

হয়, বললে ভুল হবে না। দারুহরিদ্রার গাছগুলির আকার অনেকটা ঝোপের মত, বড় বনস্পতির আকার নয়। কোনো কোনো জাতের দারু-হরিদ্রা সাত ফুট পর্যন্ত উঁচু হয়। এর কাণ্ড প্রায় ছয় ইঞ্চি মোটা হয়। এর বিশিষ্ট হলুদ রং জনসাধারণকে আকৃষ্ট করে। তিব্বতীরা মাখন জ্বালিয়ে ঘি তৈরি করার সময় দারুহরিদ্রার লাঠি দিয়ে তরল ঘি নাড়তে থাকে, যাতে ঘিয়ের রং বেশ সোনালি হয়। ওয়াট[১৬] বলেছেন, এদেশে চামড়া ট্যান করতে দারুহরিদ্রাজাত হলুদ রং ব্যবহার করা হত। পশমি কাপড়ে এই রঙের ছাপ লাগলে আর সহজে উঠে না। অনেকের বিশ্বাস, বৌদ্ধ ভিক্ষুরা এই স্বর্ণাভ পীত রঙে রঞ্জিত বস্ত্র ব্যবহার করতেন। ভারতীয় চিকিৎসকেরা হলুদের যতগুলি নাম, রজনী নিশা ইত্যাদি সব কয়টিই দারুহরিদ্রার প্রতি আরোপ করেছেন। তাই দেখি, দারুহরিদ্রাকে অভিহিত করা হয়েছে পীতদারু বা পীতদ্রু বলে, দারুনিশা দারুরজনী বলে। সংস্কৃত ভাষায় দারুহরিদ্রার আরও কয়েকটি নাম পাওয়া যায়, যেমন কালেয়ক ও দার্বী।

আজকালকার উদ্ভিদ্‌তত্ত্ব মতে বার্বেরিস তো বহুপ্রকারের। সারা পৃথিবীতে প্রায় ছয় শত জাতির বার্বেরিস আছে, আমাদের দেশেও আছে সত্তর রকমের। এর মধ্যে কোন্‌টি বা কোন্‌ কোন্‌টি আয়ুর্বেদোক্ত দারুহরিদ্রা? এর সঠিক নিষ্পত্তি এখনও হয় নি। তবে খানিকটা সম্ভাব্য অনুমান করা যায়। আয়ুর্বিজ্ঞান গড়ে ওঠে উত্তর-পশ্চিম ভারতে যুক্তপ্রদেশে। সুশ্রুত কাশীরাজ দিবদাস ধন্বন্তরীর কাছে আয়ুর্বেদ শিক্ষা করেন। আবার অগ্নিবেশ তক্ষশিলা বিশ্ববিদ্যালয়ে পুনর্বসু আত্রেয়র কাছে চিকিৎসাশাস্ত্র অধ্যয়ন করেন ও পরে ভেষজবিজ্ঞান সম্বন্ধে গ্রন্থ প্রণয়ন করেন। চরকসংহিতার অনেক উপাদান উক্ত গ্রন্থ থেকে সংগৃহীত।[৩২] তাই মনে হয় যে, ঐসব অঞ্চলে বার্বেরিসের যে জাতটি

বেশি পরিমাণে জন্মায় সেইটি হয়তো দারুহরিদ্রা বলে প্রচলিত হয়েছে। কেননা, এটা অনুমান করা খুব অপ্রাসঙ্গিক নয় যে, দিবদাস সুশ্রুত পুনর্বসু বা চরক দারুহরিদ্রার যেটি সহজলভ্য জাতি সেইটি ওষুধ তৈরি কবার জন্যে সংগ্রহ করতেন। বার্বেরিস এশিয়াটিকা নামক দারুহরিদ্রাই ভারতবর্ষে সবচেয়ে বেশি পাওয়া যায়। তাই দারুহরিদ্রা বলতে বার্বেরিস এশিয়াটিকা বেশি করে বুঝায় বলা যেতে পারে। অবশ্য ভেষজ হিসাবে অন্যান্য বার্বেরিস জাতিও ফলপ্রদ। কলিকাতার বাজারে দারুহরিদ্রা বলে যে কাষ্ঠখণ্ডগুলি বিক্রি হয়, সেগুলি তো মনে হয় বার্বেরিস জাতির কাষ্ঠখণ্ড নয়। রাসায়নিক বিশ্লেষণে মনে হয় যে সেগুলি কোনো-এক জাতির মাহোনিয়ার। কেননা ভারতীয় মাহোনিয়ার বিভিন্ন জাতি থেকে নেপরোটিন নামে একটি লাল রঙের উপক্ষার পাওয়া যায়, এটি ভারতীয় বার্বেরিসে পাওয়া যায় না। এই কাষ্ঠখণ্ডগুলি থেকে নেপবোটিন নিষ্কাশন করা গেছে। বার্বেরিসের ও মাহোনিয়াব মত আরও কয়েকটি গাছ বার্বেবিসের মতই ভেষজগুণসম্পন্ন, যেমন আসামের কপটিস (Coptis), উত্তর-পশ্চিম হিমালয়ের থ্যালিকট্রাম (Thalictrum) ইত্যাদি।

বার্বেরিসের জাতি

এখন থেকে আমবা দারুহরিদ্রার গোত্রজাত বার্বেরিস নাম ব্যবহার করব। বার্বেরিস এশিয়াটিকা ও বার্বেরিস এরিস্টাটা নামে দুই জাতের বার্বেরিস এদেশে সবচেয়ে আগে আবিষ্কাব করা হয় ১৮২১ সালে।[৩৩] তার পর সন্ধান মেলে বার্বেরিস টিঙ্কটোরিয়ার।[৩৪] ক্রমশ নব নব বার্বেরিস আবিষ্কারের দিকে লক্ষ্য গেল, আবিষ্কার হল ১৮২৩ সালে বার্বেরিস চিত্রিয়া[৩৫] ও পরের বছরে বার্বেরিস ওয়ালিচিয়ানার।[৩৬]

আবার ১৮৩১ সালের পর থেকে আরও পাঁচটি নূতন জাতের বার্বেরিস পাওয়া গেল।[৩৭] এদের নাম পরিশিষ্টে তালিকাভুক্ত করা হয়েছে। মধ্যে মিশালে একটি-দুইটি করে বার্বেরিস আবিষ্কার হওয়ার ফলে সংখ্যা বৃদ্ধি পেতে লাগল।[৩৮] ১৮৫৫ সালে পূর্ব-হিমালয় অঞ্চল থেকে হুকার নিয়ে এলেন আরও চারটিকে।[৩৯] তিনি তাঁর বিখ্যাত পুস্তক 'ফ্লোরা অব বৃটিশ ইণ্ডিয়া'তে সবশুদ্ধ বারো জাতের বার্বেরিসের বর্ণনা করেছেন।[৪০] ১৮৫৫ সালের পরে যদিও মাঝেমাঝে নূতন জাতের বার্বেরিসের বর্ণনা ইত্যাদি প্রকাশিত হয়েছে, তবু সংখ্যা তত আশাপ্রদ হয় নি।[৪১] এর পরের পঞ্চাশ বছরে মাত্র পাঁচটি, যথা, হুকেরাই[৪১] কেলিওবটরিস[৪২] অর্থোবটরিস[৪২] ভিরেসেন্স[৪৩] ও পাচিয়াকান্থা[৪৪] আবিষ্কার হয়েছে।

জার্মানি থেকে চার বছর, ১৯০৫-০৮, পরিশ্রম করে স্নাইডের বার্বেরিসের উদ্ভিদ্‌তত্ত্ব প্রকাশ করেন।[৪৫] তিনি আরও তেরোটি নূতন জাতের বার্বেরিস ভারতবর্ষের পার্বত্য প্রদেশে জন্মায় বলেন। ১৯১২ থেকে ১৯৪০ সালের মধ্যে বার্বেরিস জাতি বড়-একটা আবিষ্কার হয় নি।[৪৬] ১৯৩৩-৩৪, আবার ১৯৩৬-৩৭ সালে লাডলো ও শেরিফ নামে দুইজন বিজ্ঞানী তিব্বতের দক্ষিণ-পূর্ব অঞ্চলে গাছপালা সংগ্রহের অভিযান করেন। ১৯৩৫-৩৮ সালে আসাম অঞ্চলে ভ্রমণ করেন কিংডন-ওয়ার্ড। এঁদের সংগৃহীত গাছপালা থেকে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একজন গবেষক আহ্‌রেণ্ট্‌ আরও কতকগুলি নূতন জাতের বার্বেরিস আবিষ্কার করেন।[৪৭]

ভারতবর্ষের পার্বত্য অঞ্চলে বিভিন্ন জাতের বার্বেরিস প্রচুর পরিমাণে জন্মায়। সাধারণত দেখা যায় হিমালয়ের পূর্বপ্রদেশে যেসব জাতের বার্বেরিস জন্মায়, সেগুলি চিরশ্যামল অর্থাৎ বারোমাসই সেসব গাছে সবুজ পাতা থাকে। আর পশ্চিমপ্রদেশের বার্বেরিসগুলির পাতা শীতকালে

ঝবে যায়, আবার বসন্তকালে উদ্গত হয়। ইউরোপে বার্বেরিস গাছ বাগানে বেড়া দেবার জন্য ব্যবহৃত হয়। বেশ ঘন কাঁটাযুক্ত ঝোপ হয় বলে বার্বেরিসের বেডার খুব প্রচলন ওদেশে। বার্বেরিসের ফুল আকারে খুব ছোট, খুব ঘন হলুদ রঙের, এক সঙ্গে থোকা-থোকা ফুল ফুটে থাকলে দেখতে ভালোই লাগে। ভারতবর্ষের কোন্ কোন্ জায়গায় কি কি জাতের বার্বেবিস পাওয়া যায় তাব তালিকা পবিশিষ্টে দেওয়া গেল; পরপৃষ্ঠায় মানচিত্রেও তা দেখানো হল। স্থানেব বিভিন্ন উচ্চতা ও সেখানকাব বার্বেবিস জাতিব তালিকা এবং কবে কোন্ সালে কোন্ বার্বেরিসটি আবিষ্কৃত হয়েছিল তারও এক তালিকা দেওয়া গেল।

মাহোনিয়ার জাতি

ভেষজগুণ হিসাবে মাহোনিয়া জাতীয় গাছগুলিকে আমরা বার্বেরিসের অনুরূপ বলতে পাবি। এমনকি অষ্টাদশ শতাব্দীব শেষভাগ পর্যন্ত উদ্ভিদ্‌তত্ত্ববিদেরা মাহোনিয়াকে বার্বেরিসেব সম্প্রদায়ভুক্ত মনে করতেন। পবে ১৯০১ সালে ফেডি মাহোনিয়াকে বার্বেবিস থেকে উদ্ভিদ্‌তত্ত্বগত দিক থেকে পৃথক কবেন।[৪৮] এর অবশ্য অনেক বছব আগে হুকার ও টম্‌সন নেপালজাত মাহোনিয়াকে বার্বেরিস নেপালেনসিস বলেই অভিহিত করেছিলেন।[৪০] ১৮৬২ সালে হুকার ও টম্‌সন দক্ষিণভারত থেকে সংগৃহীত মাহোনিয়াব নাম করেন, মাহোনিয়া নেপালেনসিস ত্থকন্‌ডোল। ওঁরা প্রথমে মনে করেছিলেন ত্থকন্‌ডোল অভিহিত মাহোনিয়া নেপালেনসিস ও উক্ত মাহোনিয়া একই জাতেব গাছ। পরে ওঁরা লক্ষ্য কবেন যে ত্থকন্‌ডোলের নামাঙ্কিত মাহোনিয়া নেপালেনসিস থেকে তার সামান্য কিছু প্রভেদ আছে। কিন্তু পার্থক্য এত কম যে



ভারতবর্ষের বিভিন্ন প্রদেশজাত বার্বেরিস ও মাহোনিয়া

তাকে নূতন এক জাতের মাহোনিয়া বলা চলে না, তাই সংগ্রহকারকের নাম উল্লেখ করে সেটির নাম দেন, মাহোনিয়া নেপালেনসিস স্থকন্‌ডোল, ভ্যারাইটি লেসেনল্‌টিআই।[৪৬] ভারতবর্ষে কেবল এই দুইটি মাহোনিয়া আছে বলে এতাবৎকাল জানা ছিল, কিন্তু টাকেডা নামে একজন জাপানি গবেষক এডিনবরা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন দেশেব মাহোনিয়া গাছ নিয়ে গবেষণা করাতে জানা গেছে যে সাবা পৃথিবীতে বাবট্টি রকমের মাহোনিয়া পাওয়া যায়, তার মধ্যে মাত্র এগাবোটি পাওয়া যায় আমাদের দেশে।[৪৭] পবিশিষ্টে গাছগুলিব নাম ও প্রাপ্তিস্থান ইত্যাদি দেওয়া গেল। দেখা যায় যে, হিমালয়েব পূর্ব অঞ্চলে মাহোনিয়া জাতিব সংখ্যা বেশি। কেবলমাত্র আসামেই এগাবোটিব ভিতব পাঁচটি মাহোনিয়া জন্মায়। এখন পর্যন্ত জানা আছে ভুটান অঞ্চলে মাত্র একটি মাহোনিয়া, যথা মাহোনিয়া গ্রিফিথিআই জন্মায়। ১৯৩৮-৩৯ সালে ভার্নে-কাটিং অভিযানে কিংডন-ওয়ার্ড উত্তর-ব্রহ্মদেশ থেকে বিবিধ জাতিব মাহোনিয়া সংগ্রহ করেন। যত পূর্বদিকে অগ্রসর হওয়া যায় ততই মাহোনিয়াব সংখ্যা বৃদ্ধি পায়। যেমন চীনদেশে মোট কুড়িটি নূতন জাতিব মাহোনিয়া পাওয়া যায়। এগুলিব অধিকাংশই আবার চীনদেশেরও পূর্ব অঞ্চলে ইয়ানন, জেচওয়ান ও হুপে প্রদেশে জন্মায়। ইয়ানন থেকে দক্ষিণ দিকে গেলে দেখা যায় মাহোনিযার সংখ্যা কমে যাচ্ছে। শ্যামদেশে মাত্র একটি জাতিব মাহোনিয়া আছে, ফিলিপাইনেও একটি, জাপানেও একটি। আমাদের দেশেও দক্ষিণ অঞ্চলে মাত্র একটি জাতি, মাহোনিয়া লেসেনল্‌টিআই দেখা যায। এটিই সাবা দক্ষিণভাবতের পার্বত্য অঞ্চলে, আন্নামালাই পাহাড়ে, টিনেভেলি পাহাড়ে, বিশেষ কবে নীলগিরিতে জন্মায়।

সাবা এশিয়া ও আমেবিকা ভূখণ্ডে বাযট্টি বকম মাহোনিয়া জন্মায়, তার মধ্যে চীনদেশে তেইশটি পাওয়া যায়, আব এগাবটি আমাদের



মাহোনিয়া একাম্বিফোলিয়া

দারজিলিঙে প্রাপ্ত গাছ থেকে অঙ্কিত

দেশে। বাকি আঠাশটি নানান দেশে ছড়িয়ে আছে। চীনদেশের মধ্যে আবার ইয়ানন প্রদেশেই সবচেয়ে বেশি সংখ্যা মাহোনিয়া দেখা যায়। তাই মনে হয়, মাহোনিয়াব আদিম জন্মস্থান হয়তো ইয়ানন, সেখান থেকে ধীরে ধীবে মাহোনিয়া আসামেব দিকে এসে পড়েছে ও পরে আরও পশ্চিম দিকে সিকিম ও নেপালে অগ্রসর হয়ে এসেছে।

দারুহরিদ্রার রাসায়নিক পরীক্ষা

দারুহরিদ্রা বা বিভিন্ন জাতির বার্বেরিস ও মাহোনিয়া থেকে এক বা একই ধরনের বিবিধ উপক্ষার রাসায়নিক উপায়ে নিষ্কাশন করা হয়েছে। বার্বেরিস জাতির রাসায়নিক পরীক্ষা আরম্ভ হয়েছে ১৮৩৭ সালে। বুকনার[৫০] ইউরোপীয় বার্বেরিস ভুলগাবিস থেকে বার্বেরিন নামক বিখ্যাত উপক্ষার সবপ্রথম আবিষ্কার করেন। অবশ্য উপক্ষারটির অণুব গঠন সম্বন্ধে কোনো কথা তখন বলা যায় নি। পার্কিন[৫১] ১৮৮৯ সালে বার্বেরিনেব অণুব গঠন সম্বন্ধে সবিস্তারিত পরীক্ষা করেন এবং তিনি যে অণুর গঠনসংকেত সাধারণ্যে প্রচার করেন, তা উত্তরকালে সঠিক বলে প্রমাণিত হয়েছে। পরে উনি বার্বেরিন উপক্ষার পরীক্ষাগারে সংশ্লেষণ করেন।[৫২]

১৮৬১ সালে ওয়েকার[৫৩] বার্বেরিস ভুলগারিস থেকে অক্সিআকান্থিন নামে আর-একটি নূতন উপক্ষার আবিষ্কার করেন। হেস[৫৪] পরে ঐ গাছটির পুনরায় রাসায়নিক পরীক্ষা করে আর-একটি উপক্ষার আবিষ্কার করেন ও তার নাম দেন বার্বেমিন। শুধু তাই নয়, তিনি বার্বেমিন ও অক্সিআকান্থিন উপক্ষার দুইটির অণুর সংকেত একই, $C_{18}H_{19}O_3N$ হবে বলেন, কিন্তু রুয়েডেল[৫৫] পরে সে দুটি পরিবর্তন

করেন, ভাগ্যবশে রুয়েডেলের পরিবর্তিত সংকেতও ঠিক বলে প্রমাণিত হয় নি, এবং বার্বেমিনেব সংকেত স্পেথ ও কলবে সংশোধন করে $C_{37}H_{40}O_6N$এ দাঁড় করান, ওদিকে স্যাণ্টোস অক্সিআকান্থিনের সংকেতকেও $C_{37}H_{40}O_6N$এ পবিবর্তিত করেন। দেখা যাচ্ছে যে দুটি উপক্ষারেরই অণুর সংকেত এক, অথচ অন্যান্য বাসায়নিক গুণের পার্থক্য থাকায় উপক্ষার দুটিকে ভিন্ন বলা হয়। তাহলে উপক্ষার দুটির অণুর গঠনে নিশ্চয়ই পার্থক্য আছে বলে অনুমান হয় এবং পরে পবীক্ষাগাবে তাব বাসায়নিক প্রমাণ সংগ্রহ করাও সম্ভব হয়।[৫৬] এর পর ১৯২৯ সালে স্পেথ ও পলগাব[৫৭] বার্বেবিস ভুলগাবিস গাছের শিকডের বল্কল থেকে বার্বেরিন, বার্বেমিন ও অক্সিআকান্থিন ছাডাও আবও পাঁচটি উপক্ষাব, পালমাটিন, $C_{21}H_{23}O_5N$, ইআট্রহিজিন, $C_{20}H_{21}O_5N$, কলাম্বামিন, $C_{20}H_{21}O_5N$, বার্বেরুবিন, $C_{19}H_{15}O_4N$, এবং আর-একটি উপক্ষার (যাব কোনো নাম স্পেথ দেন নি, কেবল তার অণুর সংকেত বলেছিলেন, $C_{19}H_{22}ON_2$) আবিষ্কাব করেন।

১৮৭৮ সালে নেপাক আমেরিকাজাত বার্বেরিস নার্ভোসা থেকে বার্বেরিন উপক্ষাব পান।[৫৮] পার্সনস্ ১৮৮২ সালে আমেবিকাজাত মাহোনিয়া একুইফোলিয়ম থেকে অক্সিআকান্থিন ও বার্বেবিন উপক্ষার আবিষ্কার কবেন।[৫৯] এর পব থেকে মনে হয় বার্বেরিস গাছেব দিকে গবেষকদের নজর পড়ে, ১৮৮৬ সালে শিলবাক[৬০] বার্বেরিস গ্লাউকা থেকে বার্বেরিন পেলেন, ১৮৯১ সালে রুয়েডেল[৬১] মাহোনিয়া একুইফোলিয়ম থেকে অক্সিআকান্থিন ও বার্বেমিন উপক্ষার নিষ্কাশন করেন এবং এব পরের বছর এবাটা[৬২] বার্বেরিস বুকসিফোলিআ থেকে কেবলমাত্র বার্বেরিন উপক্ষার আবিষ্কার করেন, পার্কিন বার্বেরিস ইটনেনসিসে বার্বেরিনের অবস্থিতি প্রমাণ করেন।

